

সংবাদ বিজ্ঞপ্তি

ভোলা জেলায় ডেঙ্গু প্রতিরোধ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ এর উদ্বোধন।

২৯ অক্টোবর ২০২৩, রবিবার।। স্থানীয় সরকার বিভাগ-এর উদ্যোগে এবং ইউনিসেফ-এর সহযোগিতায় ২৯ অক্টোবর ২০২৩, রবিবার, ভোলা জেলার জেলা প্রশাসকের নেতৃত্বে, জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উদ্বোধন হলো ডেঙ্গু প্রতিরোধ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩। ‘ নিজ আঞ্জিনা পরিষ্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি’ এই স্লোগানে উজ্জীবিত হয়ে মারাত্মক ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার বংশ বিস্তার রোধে এর প্রজনন স্থান নষ্ট করা ও এই বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে সপ্তাহব্যাপী এই কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

মান্যবর জেলা প্রশাসক জনাব আরিফুজ্জামান জেলা পর্যায়ে এই কর্মসূচির উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত হিসেবে উপস্থিতি ছিলেন উপপরিচালক (স্থানীয় সরকার) ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব তামিম আল ইয়ামিন; উপজেলা নির্বাহী অফিসার (সদর) জনাব মোঃ তৌহিদুল ইসলাম; অতিরিক্ত পুলিশ সুপার (সদর) জনাব রিপন চন্দ্র সরকার; তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল জনাব ডাঃ মোঃ মনিরুল ইসলাম। সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক মহোদয় সবাইকে নিজ আঞ্জিনা পরিচ্ছন্ন রাখার আহ্বান জানিয়ে বলেন, "নিজ আঞ্জিনা বলতে শুধু বসতবাড়িই নয়, আমরা যে যেখানে কাজ করি সেটাও নিজ আঞ্জিনার অন্তর্ভুক্ত। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে প্রতিষেধক গ্রহণের চেয়ে নিজ আঞ্জিনা পরিচ্ছন্ন রেখে তা প্রতিরোধ করার দিকে আমাদের দৃষ্টি দিতে হবে।" ভোলার জনসাধারণকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, " ডেঙ্গু বর্তমানে তাঁর বিধিবদ্ধ উপসর্গ আর সময়ে সীমাবদ্ধ নয়, বরং নতুন নতুন উপসর্গ নিয়ে বছরজুড়ে ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। তাই, ডেঙ্গু প্রতিরোধে জেলা থেকে ইউনিয়ন পর্যন্ত কমিটিগুলোকে সবসময় কার্যকর ভূমিকা পালন করতে হবে।" অন্যান্য বক্তারা তাদের বক্তব্যে ডাঙারের পরামর্শে ওষুধ সেবন, এন্টিবায়োটিকের যথেষ্ট ব্যবহার রোধ করা, এডিস মশার লার্ভা ধ্বংসে সবার অংশগ্রহণের আহ্বান জানান।

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় কর্তৃক ইউনিসেফ –এর সহযোগিতায় ইতোমধ্যে ১৯ অক্টোবর ২০২৩, বৃহস্পতিবার রেডিসন ব্লু ওয়াটার গার্ডন হোটেল, ঢাকায় দেশব্যাপী এ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। সারা দেশের ৬৪ জেলায় ১৮ হাজারের অধিক স্বেচ্ছাসেবী একযোগে সপ্তাহব্যাপী এই কার্যক্রম অংশগ্রহণ করছে।

উল্লেখ্য যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০২১ সালে ‘ ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা’ প্রণয়ন করা হয়। এই নির্দেশিকার অনুচ্ছেদ ২.১.১২- এ প্রত্যেক জেলা পর্যায়ে সপ্তাহ/পক্ষকালব্যাপী ‘ পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম’ পরিচালনা ও জেলা

পর্যায়ের সকল সরকারি-বেসকারি দপ্তর/কার্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ব্যবসা প্রতিষ্ঠান, পেশাজীবী সংগঠন, সামাজিক সংগঠন, কিশোর ও যুব সংগঠন, শ্রমিক সংগঠন ও সর্বস্তরের জনগণকে এ কার্যক্রমে সম্পৃক্তকরণের বিষয়টি উল্লেখ রয়েছে। এ পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইউনিসেফ-এর সহায়তায় দেশব্যাপী ‘ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা সপ্তাহ’ উদযাপন ও প্রচারাভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচির আওতায় দেশের ৬৪ টি জেলা সদরে জেলা প্রশাসকগণের নেতৃত্বে ১৯ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১১ টায় উদ্বোধনী অধিবেশনসহ ২৯ অক্টোবর থেকে ৪ নভেম্বর ২০২৩ সপ্তাহব্যাপী প্রচারাভিযান শুরু হয়েছে।

‘ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা’ অনুযায়ী প্রচারাভিযানে জেলা পর্যায়ের সকল কর্তৃকর্তা, ওয়াসা ও সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), উপজেলা পরিষদ, পৌরসভা, মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, স্কাউট, গার্লস গাইড, এনজিও, রেড ক্রিসেন্ট স্বেচ্ছাসেবকরা অংশগ্রহণ করছে। পরিচ্ছন্নতা অভিযানে জেলা সদরের হটস্পটে এডিস মশা এবং মশার প্রজনন স্থানগুলি শনাক্ত ও নির্মূলসহ ঘরবাড়ি ও প্রতিষ্ঠান পরিদর্শন করে সকলকে সচেতন করা হবে। জেলা প্রশাসকগণ বর্ণিত নির্দেশিকা অনুযায়ী জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির সভা করে ‘ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা সপ্তাহ’ পালনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করছেন। এছাড়াও, সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারাভিযান চলাকালীন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করে স্কুলের চারপাশে এডিস মশার প্রজনন স্থান বিনষ্ট করাসহ ছাত্র-ছাত্রীদের এই বিষয়ে সচেতনতা করা এবং তাদের নিজস্ব বাসগৃহ ও শিক্ষা প্রতিষ্ঠানে এডিস মশার প্রজননস্থল ধ্বংসে উদ্বুদ্ধ করা হবে।